

নেং রায়পুর ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল নং- ০১৭৩৩-১৫৭৯১৫

স্মারক নং-রা/ইউপি/মধু/ফরিদ ৯৮/২৩

তারিখ: ২৭-০৭-২০২৩খ্রি:

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব, জাকির হোসেন মিয়া

চেয়ারম্যান, নেং রায়পুর ইউনিয়ন পরিষদ।

সভার তারিখ : ২৭/০৭/২০২৩ খ্রি: রোজ: বুধবার

সভার স্থান : রায়পুর ইউনিয়ন পরিষদ কার্যালয়। সকাল : ১০.০০ ঘটিকায়।

উপস্থিত সদস্য গনের নামের তালিকা নিম্নরূপে:

ক্রঃনং	কমিটির সদস্যগনের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	জনাব জাকির হোসেন মিয়া	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ নজরুল ইসলাম	অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব প্রবীর কুমার ভৌমিক	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব সামিরা বেগম	সংরক্ষিত মহিলা ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ মুরাদ হোসেন	আনসার ও ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ জাহিদ শেখ	ইউপি দফাদার	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব এম এম সিরাজুল ইসলাম	ইউপি সচিব	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচি : প্রথম ও পরিচিত মূলক সভা।

অধ্যকার সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি জনাব জাকির হোসেন মিয়া সভার কাজ আরম্ভ করেন।

অধ্যকার সভায় ইউনিয়ন পরিষদ সচিব জনাব এম এম সিরাজুল ইসলাম এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সর্ব প্রথম সভাপতি মহোদয় নিজের পরিচয় দেন এবং অন্যান্য সদস্য গনের পরিচয় দিতে অনুরোধ করেন। অতঃপর অন্যান্য সদস্যগন পর্যায়ক্রমে নিজেদের পরিচয় দেন। সভাপতি সাহেব স্বাগত বক্তব্য রাখেন এবং সবাইকে জানান যে, ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪৫নং ধারা অনুযায়ী ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান মহোদয় বিগত ২০২২ খ্রি: আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি গঠন করেন। তিনি আরো বলেন যে, প্রতি এক মাসে কমপক্ষে একটি সভা করতে হবে। মূলত এ কমিটির কাজ হচ্ছে ইউনিয়ন পরিষদকে আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক সাহায্য করা। এ কমিটির মেয়াদ হবে দুই বছর। উপস্থিত সম্মানিত সদস্যগনকে প্রথম সভায় বক্তব্য রাখার অনুরোধ করেন। অতঃপর কমিটির সম্মানিত সদস্য জনাব প্রবীর কুমার ভৌমিক আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং সভাকে জানান যে, আমরা এ কমিটির সদস্যগন একসঙ্গে মিলে মিশে থাকব এবং এ বিষয়ে পরিষদ কে সার্বিক সহযোগিতা করব। চেয়ারম্যান সাহেব বলেন যেহেতু ইউনিয়নের ব্রাহ্মনকান্দা এবং গোপালদী বাজারে রাতে কোন চুড়ি না হয়, যদি কোন অপরিষ্কার লোক দেখেন তাহলে অবশ্যই আমাকে মোবাইল ফোনে জানাবেন। তিনি আর বলেন দ্রব্যমূল্যের দাম যেন অকারনে অসাধ ব্যবসায়ী বাড়াতে না পারে সে ব্যাপারে সকলকে সতর্ক থাকতে হবে। গ্রাম পুলিশ সকলে এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করবেন। ইউনিয়ন পরিষদের সবাইকে সতর্কতার সহিত গ্রাম পুলিশ পাহারার মাধ্যমে দায়িত্ব পালন করতে হবে এবং উপস্থিত সকল সদস্যগন তাহার বক্তব্যের সঙ্গে একমত পোষণ করেন।

সভার আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভা সমাপ্ত ঘোষণা করেন।

জাকির হোসেন মিয়া

চেয়ারম্যান ও সভাপতি

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলঃ

১. উপজেলা নির্বাহী অফিসার মধুখালী, ফরিদপুর।

২. অফিস কপি।

